

পড়ুয়া নিয়োগ

দু'বছরের মূল পাঠ্যক্রমের ৫৯তম ব্যাচের পড়ুয়া নিয়োগে উল্লেখযোগ্য সাফল্য মিলেছে বলে দাবি আইআইএম-কলকাতার। ৪৬৪ জনের সকলে চাকরি পেয়েছেন। ১৯৪টি সংস্থা ৫২৯টি প্রস্তাব দিয়েছে। ম্যানেজেন্ট শিক্ষা প্রতিষ্ঠানটির প্লেসমেন্ট কমিটির চেয়ারপার্সন নিমরুজি জম্মুলামাডাকা জানান, আর্থিক ক্ষেত্রে সর্বোচ্চ ১.১৫ কোটি টাকার বার্ষিক বেতনের প্রস্তাব পেয়েছেন এক জন। তারা বলেছে, এই প্রথম ক্যাম্পাসে চাকরির প্রস্তাব নিয়ে এসেছিল হিরো ফিনকর্প, সার্ভিসেস, যুবি, শোভা রিয়েলটি, জিয়ো ফিন্যান্সিয়াল, হাঙ্ক পাওয়ার সিস্টেমের মতো সংস্থা। সব চেয়ে বেশি নিয়োগ হয়েছে (৩১.৬%) উপদেষ্টা সংস্থায়। এর পরেই আর্থিক ক্ষেত্র (২১.৫%)।

নিজস্ব সংবাদদাতা